

আল-আ'রাফ | Al-A'raf | الأعراف

আয়াতঃ ৭ : ৬৬

আরবি মূল আয়াত:

قَالَ الْمَلَأُ الَّذِينَ كَفَرُوا مِنْ قَوْمِهِ إِنَّا لَنَرُكَ فِي سَفَاهَةٍ وَإِنَّا لَنَظُنُّكَ مِنَ
الْكَذِبِينَ ﴿٦٦﴾

অনুবাদসমূহ:

তার কওমের কাফির নেতৃবৃন্দ বলল, 'নিশ্চয় আমরা তোমাকে নির্বুদ্ধিতায় দেখতে পাচ্ছি এবং আমরা অবশ্যই তোমাকে মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত মনে করি'। — আল-বায়ান

তার জাতির প্রধানগণ- যারা ইমান আনতে অস্বীকার করেছিল, বলল, 'তুমি নিশ্চিতই নির্বুদ্ধিতায় ডুবে আছ, আর আমরা মনে করি তুমি মিথ্যাবাদী।' — তাইসিরুল

তার জাতির নেতারা বললঃ আমরা তোমাকে নির্বোধ দেখছি এবং আমরাতো তোমাকে নিশ্চিত রূপে মিথ্যাবাদী মনে করি। — মুজিবুর রহমান

Said the eminent ones who disbelieved among his people, "Indeed, we see you in foolishness, and indeed, we think you are of the liars." — Sahih International

৬৬. তার সম্প্রদায়ের প্রধানরা, যারা কুফরী করেছিল, তারা বলেছিল, আমরা তো তোমাকে নির্বুদ্ধিতায় নিপতিত দেখছি। আর আমরা তো তোমাকে মিথ্যাবাদীদের অন্তর্ভুক্ত মনে করি।(১)

(১) অর্থাৎ তারা মনে করতে থাকল যে, তিনি আল্লাহর পক্ষ থেকে যা বলছেন তা মিথ্যা। [মুয়াসসার] যদিও তারা তাকে ব্যক্তিগতভাবে মিথ্যাবাদী মনে করত না। কারণ নবীগণ সর্বযুগেই সত্যবাদী ছিলেন।

তাফসীরে জাকারিয়া

(৬৬) তার সম্প্রদায়ের প্রধানগণ যারা অবিশ্বাস করেছিল, তারা বলেছিল, 'আমরা তো দেখছি তুমি একজন নির্বোধ[১] এবং তোমাকে আমরা তো একজন মিথ্যাবাদী মনে করি।'।

[১] এই নির্বুদ্ধিতা তাদের নিকটে এই ছিল যে, যে প্রতিমাগুলোর পূজা তাদের পূর্বপুরুষ থেকে চলে আসছিল, সেগুলোকে বাদ দিয়ে তাদেরকে একমাত্র আল্লাহর ইবাদত করার দাওয়াত দেওয়া হচ্ছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1020>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন